

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং - ৬৫/২০১৭

তারিখ : ২০/১১/২০১৭ খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

কাস্টম হাউস, চট্টগ্রাম ও চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন এর সাথে যৌথ সভার কার্যবিবরণী, নথি নং-এস-৪/১২/প্রশাসন/মত বিনিময় সভা/২০১৭-১৮/৯১২৯()কাস, তারিখ : ১৬/১১/২০১৭ খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

“উন্নয়নের অক্সিজেন রাজস্ব”

“জনকল্যাণে রাজস্ব”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

E-mail: customhousectg@gmail.com

Tel: +031-713918

নথি নং-এস-৪/১২/প্রশাসন/মত বিনিময় সভা/২০১৭-১৮/

তারিখ : /১১/২০১৭ খ্রিঃ

বিষয় : চট্টগ্রাম কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট এসোসিয়েশন এর সাথে কাস্টম হাউস, চট্টগ্রাম এর যৌথ সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. এ কে এম নুরজ্জামান।
কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
স্থান : “সমৃদ্ধি”, সম্মেলন কক্ষ,
কাস্টম হাউস, চট্টগ্রাম।
তারিখ : ১৪ নভেম্বর, ২০১৭ খ্রিঃ।
সময় : সকাল ৯.৩০ ঘটিকা।

কাস্টম হাউস, চট্টগ্রাম এর কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়ন এবং করদাতা বান্ধব পরিবেশ সৃষ্ণের জন্য অনুসৃত “সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা কাঠামো” এর আওতায় রাজস্ব আহরণের গতি-প্রকৃতি ও অন্যান্য বিবিধ বিষয়ে সদ্য যোগদানকৃত কমিশনারের সাথে চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের কাস্টম হাউসের “সমৃদ্ধি” সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কাস্টম হাউস, চট্টগ্রাম এর কমিশনার অব কাস্টমস ড. এ কে এম নুরজ্জামান। কাস্টম হাউস, চট্টগ্রামের অতিরিক্ত কমিশনারগণ, যুগ্ম কমিশনারগণ ও সংশ্লিষ্ট শুঙ্কায়ন সেকশনের দায়িত্বপ্রাপ্ত ডেপুটি/সহকারী কমিশনার এবং চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের সভাপতি, সাধারণ সম্পাদক ও অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নিজ নিজ পরিচয় প্রদানের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন।

২। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	কায়িক পরীক্ষার রিপোর্ট প্রদান	সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন এর পক্ষ থেকে বলা হয় যে, প্রতিদিনের কায়িক পরীক্ষার Report একই দিনে প্রেরণ করতে হবে। কায়িক পরীক্ষার রিপোর্ট প্রদান কিভাবে ত্বরান্বিত করা যায় এ বিষয়ে জেটিতে কর্মরত কর্মকর্তাসহ বিস্তারিত আলোচনা হয়।	১। যেসব পণ্যের কায়িক পরীক্ষা বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে সম্পন্ন হবে সেগুলোর Report বিকেল ৫.০০ টার মধ্যে প্রদান করতে হবে। ৩.০০ টা পরের রিপোর্ট সমূহ পরদিন সকাল ১১.০০ টার মধ্যে প্রদান করতে হবে। উল্লেখ্য যে, নভেম্বর/১৭ পর্যন্ত গড়ে ১৩% কায়িক পরীক্ষা হয়েছিল যা অব্যাহত থাকবে।	কায়িক পরীক্ষা সম্পন্নকারী এআরও, আরও, এসি, ডিসি, জেসি, এডিসি-২
২।	কায়িক পরীক্ষার হার	সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন এর সাধারণ সম্পাদক বলেন, ২৩ নভেম্বর/১৭ তারিখে কায়িক পরীক্ষার হার ছিল ২৩%। কায়িক পরীক্ষার হার যৌক্তিক পর্যায়ে আনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	কায়িক পরীক্ষার হার রিঙ্ক ম্যানেজমেন্ট এর আওতায় ১২/১৩ শতাংশের মধ্যে রাখার বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	রিঙ্ক ম্যানেজমেন্ট কমিটি

৩।	বিভিন্ন ধরনের সিল এর ব্যবহার	সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন হতে সভাকে অবহিত করা হয় যে, বর্তমান কার্যিক পরীক্ষার লক্ষ্যে বিভিন্ন ধরনের সিল ব্যবহার করা হয়। যাতে উল্লেখ থাকে খালাসকালে AIR/UNSTUFFING কর্মকর্তাদের উপস্থিতিতে সঠিকতা প্রাপ্তি সাপেক্ষে ছাড়যোগ্য।	এ ধরনের সিল ব্যবহার যৌক্তিকতা বিষয়ে এআইআর শাখার দায়িত্বরত যুগ্ম কমিশনার-২ তদন্তপূর্বক কমিশনারের নিকট প্রতিবেদন জমা দিবেন।	জেসি-২
৪।	Proximity ID Card	সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন এর সকল স্তরের কর্মচারীদের জন্য Proximity ID Card চালুর বিষয়ে আলোচনা হয়। এতে জাল-জালিয়াতি কমে যাওয়ার পাশাপাশি নিরাপত্তা ব্যবস্থার উন্নতিসহ কাস্টম হাউসের পরিবেশ উন্নত হবে।	<p>৪.১। Proximity ID Card চালুর বিষয়ে ৭ দিনের মধ্যে একটি কমিটি গঠন করা হবে।</p> <p>৪.২। গঠিত কমিটি পরবর্তী ৭ দিনের মধ্যে একটি প্রতিবেদন প্রদান করবে।</p> <p>৪.৩। পরবর্তী ১৫ দিনের মধ্যে ID Card প্রবর্তনের কার্যক্রম নেয়া হবে।</p> <p>৪.৪। তবে ID Card বিতরণের পূর্ব পর্যন্ত সিএন্ডএফ কর্মচারীগণকে লাইসেন্স শাখা হতে প্রদত্ত বুকলেটের ফটোকপি Lamination করে গলায় বুলিয়ে ব্যবহৃত করতে হবে।</p>	এডিস-১ ডিসিপি

৩। সভার শেষ পর্যায়ে সভাপতি উল্লেখ করেন কাস্টম হাউস, চট্টগ্রাম বর্তমানে Zero tolerance against Misconduct, Harassment, Indiscipline and Corruption এর নীতির আওতায় কাজ করছে। সভাপতি আলোচ্য সভাটি অত্যন্ত চমৎকার একটি পরিবেশে অনুষ্ঠিত হওয়ায় এবং অনেক বিষয়ে আলোচনা করা সম্ভব হওয়ায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনসহ সভাটিকে সাফল্যমণ্ডিত করতে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষ করে সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের কাজ কর্মের প্রশংসা করেন। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

ড. এ কে এম নুরঞ্জামান
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-এস-৪/১২/প্রশাসন/মত বিনিময় সভা/২০১৭-১৮/৯১২৯()কাস

তারিখ : ১৬/১১/২০১৭ খ্রিঃ